সারপ্রাইস মেডিক্যাল বিলগুলির বিরুদ্ধে আপনার অধিকার এবং সুরক্ষা

যখন আপনি নেটওয়ার্কের অন্তর্ভুক্ত হাসপাতাল অথবা ভ্রাম্যমান সার্জিকাল সেন্টারে একটি নেটওয়ার্ক বহির্ভূত প্রদানকারীর থেকে আপৎকালীন পরিচর্যা অথবা চিকিৎসা পান, তখন আপনি ব্যালেন্স বিলিং এর থেকে সুরক্ষিত থাকেন। এই ক্ষেত্রগুলিতে, আপনার ক্ষেত্রে আপনার প্ল্যানের কো-পেমেন্ট, কোইনসিওরেন্স এবং/অথবা ডিডাক্টিবল এর জন্য প্রদেয়র থেকে অধিক রাশি ধার্য করা যাবে না।

ব্যালেন্স বিলিং (কোনো কোনো সময়ে "সারপ্রাইজ বিলিং" বলা হয়)?

যখন আপনি একজন চিকিৎসক অথবা অন্য কোনো স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীকে দেখান, তখন আপনাকে একটি কোপেমেন্ট, কোইনসিওরেন্স অথবা ডিডাক্টিবল এর মত কিছু নির্দিষ্ট অতিরিক্ত খরচের দায় গ্রহণ করতে হয়। যধি আপনি একজন প্রদানকারীর সঙ্গে সাক্ষাত করেন অথবা একটি স্বাস্থ্য পরিচর্যা ব্যবস্থায় উপস্থিত হন, যেটি আপনার স্বাস্থ্য পরিকল্পনার নেটওয়ার্কের মধ্যে অন্তর্ভুক্ত নয়, তাহলে আপনাকে কিছু অতিরিক্ত মূল্য অথবা সম্পূর্ণ বিলটি প্রদান করতে হতে পারে।

"নেট-ওয়ার্ক-বহির্ভূত" এর অর্থ হল প্রদানকারী এবং ব্যবস্থাগুলি, যেগুলি পরিষেবা প্রদানের জন্য আপনার স্বাস্থ্য পরিকল্পনার সঙ্গে একটি চুক্তি স্বাক্ষর করেনি। নেট-ওয়ার্ক-বহির্ভূত প্রদানকারীরা, পরিষেবার জন্য ধার্য করা সম্পূর্ণ রাশির থেকে আপনার পরিকল্পনা যা পেমেন্ট করে বিয়োগফলটির জন্য আপনার উপর বিল করতে পারে। এটিকে বলে "**ব্যালেন্স বিলিং**"। এই রাশিটি, একই পরিষেবার জন্য নেট-ওয়ার্কের অন্তর্ভুক্ত প্রদানকারীর খরচের থেকে বেশি হতে পারে এবং আপনার প্ল্যানের ডিডাক্টিবল অথবা বাৎসরিক আউট-অফ পকেট সীমার মধ্যে ধরা নাও হতে পারে।

"সার্প্রাইজ বিলিং" হল একটি অপ্রত্যাশিত ব্যালেন্স বিল। এটি ঘটতে পারে যখন আপনি আপনার পরিচর্যার ক্ষেত্রে কে সংশ্লিষ্ট থাকবে সেটি নিয়ন্ত্রণ করতে পারেন না - যেমন যখন আপনার একটি আপৎকালীন পরিস্থিতি ঘটে অথবা যখন একটি নেট-ওয়ার্কের-অন্তর্ভুক্ত ব্যবস্থায় সাক্ষাৎ করার জন্য আপনি নির্ধারিত থাকেন কিন্তু অপ্রত্যাশিতভাবে একটি নেট-ওয়ার্ক-বহির্ভূত প্রদানকারীর দ্বারা চিকিৎসা পান। পদ্ধতি অথবা পরিষেবার উপর নির্ভরশীলভাবে সার্প্রাইজ মেডিক্যাল বিলগুলি হাজার হাজর ডলার হতে পারে।

<u>আপনি নিম্নলিখিতের জন্য ব্যালেন্স বিলিং থেকে সুরক্ষিত:</u>

আপৎকালীন পরিষেবাগুলি

যদি আপনার একটি আপৎকালীন অবস্থা হয় এবং আপনি একটি নেট-ওয়ার্ক-বহির্ভূত প্রদানকারী অথবা ব্যবস্থার থেকে আপৎকালীন পরিষেবাগুলি গ্রহণ করেন, তাহলে সর্বাধিকভাবে তারা আপনার ক্ষেত্রে আপনার প্ল্যানের নেট-ওয়ার্কের অন্তর্ভুক্ত খরচ-ভাগাভাগি করার রাশি (যেমন কোপেমেন্ট, কোইনসিওরেন্স, এবং ডিডাক্টিবলস) পর্যন্ত বিল করতে পারে। এই আপৎকালীন পরিষেবাগুলির জন্য আপনার উপর ব্যালেন্স বিলিং করা **যাবে না**। এর মধ্যে অন্তর্ভুক্ত হয় সেই পরিষেবাগুলি যেগুলি আপনি স্থিতিশীল হওয়ার পরে পেতে পারেন, যদি না আপনি লিখিত সম্মতি প্রদান করে থাকেন এবং স্থিতিশীল হওয়ার পরের পরিষেবাগুলির জন্য আপনার উপর ব্যালেন্স বিল করার সুরক্ষাগুলি পরিত্যাগ করে থাকেন।

Connecticut ব্যালেন্স বিলিং সমস্যার মোকাবিলা করার লক্ষে, 2015 তে তাদের নিজস্ব আইনের অনুমোদন করেছিল। আইনিটি Connecticut-এর বিমা বিভাগ (Connecticut's Department of Insurance) এর দ্বারা নিয়ন্ত্রিত স্বাস্থ্য পরিকল্পনাগুলির ক্ষেত্রে প্রযোজ্য হয় এবং ফেডারেল নো সার্প্রাইজ অ্যাক্ট এর অধীনস্থ গুলির সদৃশ সুরক্ষারগুলি প্রদান করে। থ আরও তথ্যের জন্য, দেখুন Conn. Gen. Stat. §§ [38a-477aa] এবং [20-7f] অথবা Connecticut-এর বিমা বিভাগ (Connecticut's Department of Insurance) এর ওয়েবসাইট https://portal.ct.gov/CID/General-Consumer-Information/No-Surprises-Act তে।

একটি নেট-ওয়ার্কের-অন্তর্ভুক্ত হাসপাতাল অথবা ভ্রাম্যমান সার্জিকাল সেন্টারে কিছু নির্দিষ্ট পরিষেবা
যখন আপনি নেট-ওয়ার্কের-অন্তর্ভুক্ত হাসপাতাল অথবা ভ্রাম্যমান সার্জিকাল সেন্টার থেকে পরিষেবা পান, তখন কিছু নির্দিষ্ট প্রদানকারী নেট-ওর্য়াক-বহির্ভূত হতে পারে। সেই ক্ষেত্রগুলিতে তারা সর্বাধিকভাবে আপনার ক্ষেত্রে আপনার প্ল্যানের নেট-ওয়ার্কের অন্তর্ভুক্ত খরচ-ভাগাভাগি করার রাশি (যেমন কোপেমেন্ট, কোইনসিওরেন্স, এবং ডিডাক্টিবলস) পর্যন্ত বিল করতে পারে। এটি প্রযোজ্য হয় আপৎকালীন ওষুধ, অ্যানাস্থেশিয়া, প্যাথলজি, রেডিওলজি, ল্যাবরেটরি, নিওন্যাটোলজি, সহকারী সার্জেন, হসপিটালিস্ট অথবা ইন্টেসিভিস্ট পরিষেবাগুলি। এই প্রদানকারীরা আপনার জন্য ব্যালেন্স বিল ধার্য করতে পারেন না এবং আপনাকে ব্যালেন্স বিল না করার সুরক্ষা পরিত্যাগ করার জন্য বলতে **পারেন না**।
যদি আপনি এই নেট-ওয়ার্কের অন্তর্ভুক্ত ব্যবস্থাগুলি অন্য ধরণের পরিষেবাগুলি পান, তাহলে নেট-ওয়ার্ক-বহির্ভূত প্রদানকারীরা আপনার ক্ষেত্রে ব্যালেন্স বিল ধার্য করতে পারেন না, যদি না আপনি ব্যালেন্স বিল না করার সুরক্ষা পরিত্যাগ করার জন্য সম্মতি দিয়ে থাকেন।

আপনাকে কখনওই ব্যালেন্স বিলিং এর বিরুদ্ধে সুরক্ষা পরিত্যাগ করার প্রয়োজন হয় না। আপনার নেট-ওয়ার্ক বহির্ভূত পরিচর্যা নেওয়ার প্রয়োজন নাই। আপনি আপনার নেট-ওয়ার্ক প্ল্যানের অন্তর্ভুক্ত একজন প্রদানকারী অথবা ব্যবস্থা পছন্দ করে নিতে পারেন।

যেখানে ব্যালেন্স বিলিং অনুমোদিত নয়, সেখানে আপনি এই সুরক্ষাগুলিও পান:

- আপনি শুধু খরচের (যেমন কোপেমেন্ট, কোইনসিওরেন্স, এবং ডিডাক্টিবল যেটি আপনি পে করবেন যতি প্রদানকারী অথবা ব্যবস্থাটি নেট-ওয়ার্কের-অন্তর্ভুক্ত হত) আপনার অংশটি পে করার জন্য দায়ী। আপনার স্বাস্থ্য পরিকল্পনা যেকোনো অতিরিক্ত খরচ সরাসরি নেট-ওয়ার্ক-বহির্ভূত প্রদানকারী এবং ব্যবস্থাগুলির নিকট পে করবে।

- সাধারণভাবে, আপনার স্বাস্থ্য পরিকল্পনাটিকে আবশ্যিকভাবে:
  - আপনার দ্বারা পরিষেবাগুলির জন্য অগ্রিমভাবে অনুমোদন গ্রহণ করা ("প্রাক অনুমোদন" নামেও পরিচিত) ছাড়াই আপৎকালীন পরিষেবাগুলি আচ্ছাদিত করতে হবে।
  - নেট-ওয়ার্ক-বহির্ভূত প্রদানকারীদের দ্বারা আপৎকালীন পরিষেবাগুলি আচ্ছাদিত করতে হবে।
  - আপনি প্রদানকারী অথবা ব্যবস্থাটির (ভাগাভাগি করা খরচ) কাছে যে রাশিটির জন্য দায়বদ্ধ সেটি নেট-ওয়ার্কের-অন্তর্ভুক্ত একটি প্রদানকারী অথবা ব্যবস্থাটিকে তারা যা পে করত তার ভিত্তিতে করবে।
  - আপৎকালীন পরিষেবাগুলির অথবা নেট-ওয়ার্ক বহির্ভূত পরিষেবাগুলির জন্য আপনার দ্বারা পে করা রাশিটিকে আপনার নেট-ওয়ার্কের অন্তর্ভুক্ত ডিডাক্টিবল এবং আউট-পকেট-খরচ হিসাবে বিবেচনা করবে।

যদি আপনি মনে করেন যে আপনাকে ভুল বিল করা হয়েছে, তাহলে Connecticut-এর বিমা বিভাগ (Connecticut’s Department of Insurance) এর সঙ্গে: **https://portal.ct.gov/CID/Consumer-Affairs/File-a-Complaint-or-Ask-a-Question** **অথবা** উপভোক্তা হেল্পলাইনে যোগাযোগ করুন: (800) 203-3447 অথবা (860) 297-3900 অথবা 866-466-4446 তে স্টেট অফ কানেক্টিকাট এর হেলথকেয়ার অ্যাডভোকেট State of Connecticut Office of the Healthcare Advocate at এর সঙ্গে অথবা **Healthcare.advocate@ct.gov** তে যোগাযোগ করুন

ফেডারেল আইনের অধীনে আপনার অধিকারগুলির সম্পর্কে আরও তথ্যের জন্য দেখুন: **www.cms.gov/nosurprises/consumers**।